

ভিসা

১. ভিসা ইস্যুর প্রক্রিয়া সম্পাদনে কত দিন সময় লাগে ?

উত্তর: ভিসা ইস্যুর প্রক্রিয়া সম্পাদনে কমপক্ষে ৭ দিন সময় লাগে। তবে বিশেষ ক্ষেত্রে অনুমতির জন্য ঢাকায় পাঠানো হলে এ প্রক্রিয়া দীর্ঘ হতে পারে। সাংবাদিকদের ভিসা প্রক্রিয়াকরণে কমপক্ষে একমাস লাগতে পারে।

২. বাংলাদেশ হাইকমিশন কি ই-ভিসা ইস্যু করে ?

উত্তর: না, বাংলাদেশ হাইকমিশন কেবল মেশিন রিডএবল ভিসা ইস্যু করে।

৩. ভিসা আবেদনকারীর জন্য ব্যক্তিগত সাক্ষাৎকার কি বাধ্যতামূলক?

উত্তর: না, ভিসা আবেদনকারীর ব্যক্তিগত সাক্ষাৎকার বাধ্যতামূলক নয়। তবে কনস্যুলার অফিসার প্রয়োজন মনে করলে ব্যক্তিগত সাক্ষাৎকার বা অতিরিক্ত তথ্য/কাগজপত্র দাখিল করতে বলতে পারেন।

৪. ভিসা ফি কিভাবে প্রদান করতে হয়?

উত্তর: ভিসা ফি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত লিংক অনুসরণ করুন:

[khttps://www.bhcanberra.com/consular-services/modes-of-payments;](https://www.bhcanberra.com/consular-services/modes-of-payments;)

<https://bhcanberra.com/sites/default/files/assets/VISA-Fee-2017.pdf>

৫. ট্রাভেল ডকুমেন্টে ভিসা প্রদান করা হয় কিনা ?

উত্তর: হ্যাঁ, ট্রাভেল ডকুমেন্টে ভিসা প্রদান করা হয়। তবে এক্ষেত্রে কনস্যুলার অফিসার অতিরিক্ত তথ্য বা ব্যক্তিগত সাক্ষাৎকার গ্রহণ করতে পারেন। মিয়ানমারের নাগরিক যারা ট্রাভেল ডকুমেন্টে এ ভিসার আবেদন করেন তাঁদের জন্য সাধারণত: অতিরিক্ত তথ্যের প্রয়োজন হয় এবং ভিসা প্রক্রিয়াকরণে অধিক সময়ের প্রয়োজন হয়।

৬. ভিসার জন্য কি কি কাগজপত্র প্রয়োজন ?

উত্তর: ক) কমপক্ষে ছয় মাসের বৈধতাসহ মূল পাসপোর্ট,

খ) অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের কপি,

গ) বাংলাদেশে ভ্রমণের উদ্দেশ্য বিষয়ক কাগজপত্র,

ঘ) ভিসা ফি প্রদানের প্রমাণপত্র,

ঙ) সম্প্রতি তোলা দু'কপি ছবি,

চ) ডাকে পাঠানোর ক্ষেত্রে অর্থ পরিশোধিত ও ঠিকানা লেখা ফেরত খাম।

৮. অস্ট্রেলিয়ায় বাংলাদেশের কোন মিশন নিউ সাউথ ওয়েলস ও কুইন্সল্যান্ডের অধিবাসীদের জন্য ভিসা প্রদান করবে ?

উত্তর: কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, সিডনি।

৯. কোন ক্যাটাগরির ব্যক্তিদের আগমনী (ওহ থিংস রাইস) ভিসা প্রদান করা হয় ?

উত্তর: ক) বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশী নাগরিক এবং তাদের স্বামী/স্ত্রী/সন্তান,

- খ) কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারী বিদেশী নাগরিক,
গ) বিদেশী বিনিয়োগকারী ও ব্যবসায়ী,
ঘ) বাংলাদেশ সরকারের আমন্ত্রণে কোন সরকারি সভা/সেমিনার/কনফারেন্স/অন্য কোন ইভেন্টে অংশগ্রহণের জন্য আগত বিদেশী নাগরিক।
১০. বাংলাদেশে রোহিঙ্গা ক্যাম্প এবং পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহে ভ্রমণের জন্য পৃথক কোন অনুমতি নেওয়ার প্রয়োজন আছে কিনা ?
- উত্তর: হ্যাঁ, রোহিঙ্গা ক্যাম্পে ভ্রমণের জন্য বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এবং পার্বত্য চট্টগ্রাম জেলা সমূহে ভ্রমণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
১১. ভিসা ফি কি ফেরতযোগ্য ?
- উত্তর: না, ভিসার আবেদন গ্রহণ করা হলে বা ইস্যুর কার্যক্রম শুরু করা হলে ভিসা ও এনভিআর ফি ফেরত দেওয়া হয় না।
১২. অনলাইনে ভিসা আবেদন সিস্টেমে বিশেষ অক্ষর/চিহ্ন গ্রহণ করে না, যেমন-“, #, /, ইত্যাদি” । এধরনের চিহ্নের স্থলে ফাঁকা রাখতে হবে।